বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
অফিস ফোন ঃ ০২- ৯৫৫২২০২
e-mail: dgmewt@krishibank.org.bd

**প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ**

প্রশাসন পরিপত্র নং-০৬/২০২০ তারিখ ঃ ১১-০৫-২০২০ খ্রিঃ

**বিষয় ঃ করোনা ভাইরাস (COVID 19) মহামারিকালীন বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংক প্রবিধি ও নীতি বিভাগের ১৫ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর প্রেক্ষিতে অত্র ব্যাংকের প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত প্রশাসন পরিপত্র নং-০৫/২০২০ তারিখ ১৯-০৪-২০২০ বাতিল করা হলো। পরবর্তীতে এ বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১,অধিশাখা-৪ কর্তৃক ২৩-০৪-২০২০ তারিখে জারীকৃত পরিপত্র স্মারক নং-০৭.১০৪.০২০.২৭০১.৭২.২০১৮-২২৬ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৯-০৪-২০২০ তারিখে জারীকৃত প্রশাসন পরিপত্র নং-২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর মাধ্যমে নভেল করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে ব্যাংকগুলোকে ১৬ দফা নির্দেশনা প্রদানপূর্বক সেগুলো যথাযথভাবে অনুসরণের পরামর্শ প্রদান করা হয়েছে। পরবর্তীতে উক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে ০৮ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ এর মাধ্যমে ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর যাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখেন সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

০৩। এতদ্‌সত্ত্বেও, ব্যাংকিং দায়িত্ব পালন করতে গিয়ে কিছু সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী ইতোমধ্যে করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হয়েছেন। এ প্রেক্ষিতে, সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকিং খাতকে সচল রাখতে যে সকল কর্মকর্তা/কর্মচারী তাদের জীবন ও পরিবারকে ঝুঁকিতে রেখে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করেছেন বা করছেন তাদের দায়িত্ব পালনের স্বীকৃতিস্বরূপ বিশেষ স্বাস্থ্য বীমা সুবিধা এবং বিশেষ অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে, নিম্নরূপ নীতিমালা অনুসরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে ঃ

(ক) সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন যে সকল ব্যাংক কর্মকর্তা/কর্মচারী ব্যাংকে গমণপূর্বক স্বশরীরে ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দায়িত্ব পালন করেছেন বা করছেন তারা করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হলে পদমর্যাদা ভেদে সর্বনিম্ন ৫ লক্ষ টাকা এবং সর্বোচ্চ ১০ লক্ষ টাকা স্বাস্থ্য বীমা হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদেয় হবে, যা ব্যাংক কর্তৃপক্ষ নিজেরাই পদভিত্তিক প্রাপ্যতা নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে ;

(খ) ন্যূনতম যৌক্তিক সময়ের মধ্যে (আক্রান্ত হওয়ার সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে) উক্ত অর্থ প্রদান করতে হবে এবং তার সার্বিক চিকিৎসার প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বহন করতে হবে ;

(গ) সাধারণ ছুটির সময় দায়িত্ব পালনের কারণে করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হওয়ার ফলে দুর্ভাগ্যজনকভাবে কোন ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর অনাকাঙ্খিত মৃত্যু ঘটলে বিশেষ স্বাস্থ্য বীমার জন্য নির্ধারিত অংকের ০৫(পাঁচ)গুণ বিশেষ অনুদান হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক তাঁর পরিবারকে প্রদেয় হবে। এক্ষেত্রে, ব্যাংকে তাঁর অন্য কোন দায়-দেনার সাথে এ বিশেষ অনুদান সমন্বয় করা যাবে না। উল্লেখ্য, ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় প্রদেয় অন্যান্য ভাতাদি ও সুযোগ-সুবিধা যথানিয়মে প্রদেয় হবে ;

(ঘ) এতদ্ব্যতীত, সাধারণ ছুটিকালীন কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে গমনাগমণকালে কিংবা দায়িত্বপালনকালে অন্য যে কোন দুর্ঘটনার শিকার হলে তার চিকিৎসার প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট ব্যাংক বহন করবে।

০৪। এ নির্দেশনা সরকার ঘোষিত সাধারণ ছুটির তারিখ হতে কার্যকর হবে এবং সাধারণ ছুটি সমাপ্তির পরবর্তী ৩০(ত্রিশ) দিন পর্যন্ত করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্তদের ক্ষেত্রেও এই বিশেষ স্বাস্থ্য বীমা কার্যকর থাকবে। তবে, উক্ত মেয়াদকালে করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর অনাকাঙ্খিত মৃত্যু ঘটলে তার পরিবার অনুচ্ছেদ ৩(গ) অনুযায়ী বিশেষ অনুদান প্রাপ্য হবে।

০৫। তদ্‌প্রেক্ষিতে উপরোক্ত অনুচ্ছেদ নং ৩(ক) এর নির্দেশনা মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারী যারা করোনা মহামারিকালীন স্বশরীরে নিজ নিজ দায়িত্বে নিয়োজিত রয়েছেন/থাকবেন তাদের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত শর্তাবলী সাপেক্ষে ক্ষতিপূরণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৬। বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারী যারা এ মহামারিকালীন বিভিন্ন প্রতিবন্ধকতা মোকাবিলা করে স্বশরীরে নিজ দায়িত্ব পালন করছেন/করবেন তারা এ ক্ষতিপূরণ লাভের যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

চলমান পাতা-০২

০৭। এ বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১,অধিশাখা-৪ কর্তৃক ২৩-০৪-২০২০ তারিখে পরিপত্র স্মারক নং-০৭.১০৪.০২০.২৭০১.৭২.২০১৮-২২৬ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৯-০৪-২০২০ তারিখে প্রশাসন পরিপত্র নং-২০ জারী করা হলে উপরোক্ত অনুচ্ছেদ ০৫ এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন গ্রেডে কর্মরত কর্মকর্তা-কর্মচারীকে করোনা ভাইরাস পজেটিভ এবং করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে নিম্নরূপভাবে ক্ষতিপূরণ প্রদান করা হবে ঃ

| বেতন গ্রেড | করোনা ভাইরাস পজেটিভ হলে | করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে |
|---|---|---|
| ০১-০৯ | ১০.০০ লক্ষ টাকা | ৫০.০০ লক্ষ টাকা |
| ১০-১৪ | ০৭.৫০ লক্ষ টাকা | ৩৭.৫০ লক্ষ টাকা |
| ১৫-২০ | ০৫.০০ লক্ষ টাকা | ২৫.০০ লক্ষ টাকা |

০৮। ক্ষতিপূরণ প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে ঃ

ক) করোনা পজিটিভের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী করোনা ভাইরাস পজেটিভ এর প্রমাণক/মেডিকেল রিপোর্টসহ প্রধান কার্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে এবং শাখা/মাঠ কার্যালয়ের ক্ষেত্রে শাখা/মাঠ কার্যালয়ের প্রধানের মাধ্যমে সংযুক্তি "ক" ফরমে ক্ষতিপূরণের দাবীনামা পেশ করবেন।

খ) করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে সংযুক্তি "খ" ফরমে মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর (নমিনি প্রযোজ্য ক্ষেত্রে) স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা ক্ষতিপূরণের দাবী সংবলিত আবেদন সংশ্লিষ্ট শাখা/মাঠ কার্যালয়/বিভাগে(প্রকা) পেশ করবেন।

গ) আবেদনকারী কর্মকর্তা/কর্মচারী বা তার নমিনি (প্রযোজ্য ক্ষেত্রে) এর আবেদনপত্রের সংযুক্তি "ক" ও "খ" এবং অত্র নীতিমালার অনুচ্ছেদ ০৮ (ক) ও (খ) এ উল্লিখিত তথ্যাদি যাচাইপূর্বক সংশ্লিষ্ট শাখা/মাঠ কার্যালয়/বিভাগ(প্রকা) মতামত প্রদান করে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগে প্রেরণ করবে, যা প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ পুনঃ যাচাইপূর্বক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ক্ষতিপূরণ প্রদানের জন্য প্রধান কার্যালয়ের ক্ষেত্রে কেন্দ্রীয় হিসাব বিভাগ এবং শাখা অফিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা/মাঠ কার্যালয়ে প্রেরণ করবে।

ঘ) অনুচ্ছেদ ০৬ এ বর্ণিত স্বশরীরে দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ কেবলমাত্র এ ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হবেন।

ঙ) করোনা ভাইরাসে আক্রান্ত এবং করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণের জন্য ক্ষতিপূরণ বাবদ ব্যয় নির্বাহের নিমিত্ত বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ কর্তৃক খাত নির্ধারণ এবং বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

চ) এ ক্ষতিপূরণ বর্তমানে প্রচলিত অন্য যে কোন আদেশে বর্ণিত কর্মকালীণ মৃত্যুবরণের ক্ষেত্রে প্রযোজ্য আর্থিক সহায়তা/অনুদান বা অন্য যে কোন সুবিধার অতিরিক্ত হিসেবে প্রদেয় হবে।

০৯। ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে এ নির্দেশনা কার্যকর হবে।

সংযুক্তি ঃ ০২(দুই)

১১/০৫/২০২০
(মোঃ মমিনুল ইসলাম তালুকদার)
উপ-মহাব্যবস্থাপক

---

প্রকা/ককপবি(প্রকিউরমেন্ট)-০১/২০১৯-২০২০/১০৫৫(১২৫০) তারিখ ঃ ১১-০৫-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি,স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। উক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক(কর্পোরেট শাখা) বাংলাদেশ কৃষি ব্যাংক(স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

১১/০৫/২০২০
(ছোটন তালুকদার)
মুখ্য কর্মকর্তা

সংযুক্তি-ক

ফরম-ক ঃ করোনা ভাইরাস পজিটিভ এর জন্য ক্ষতিপূরণ দাবী।

| কর্মকর্তা/কর্মচারীর নাম, এনআইডি নং | পদবী ও বিভাগ/ শাখা/মাঠ কার্যালয় | বেতন গ্রেড ও স্কেল | করোনা ভাইরাস পজিটিভ সনাক্তকরণের তারিখ | সনদ/মেডিকেল রিপোর্ট | আবেদনকারী স্বশরীরে অফিসে উপস্থিত হয়ে দায়িত্ব পালনে নিয়োজিত ছিলেন মর্মে শাখা/মাঠ কার্যালয় /বিভাগীয় প্রধানের(প্রকা) প্রত্যয়ন পত্র। |
|---|---|---|---|---|---|
| | | | | | |

আবেদনকারীর নাম,পদবী এবং কর্মস্থল উল্লেখসহ, স্বাক্ষর ও তারিখ

সংযুক্তি-খ

**ফরম-খ ঃ করোনা ভাইরাসে মৃত্যবরণ এর জন্য ক্ষতিপূরণ দাবী।**

| কর্মকর্তা/কর্মচারীর নাম,এনআইডি নং | পদবী ও বিভাগ/ শাখা/মাঠ কার্যালয় | বেতন গ্রেড ও স্কেল | করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণের তারিখ | সনদ/মেডিকেল রিপোর্ট | আবেদনকারীর সম্পর্কের(জাতীয় পরিচয়পত্র সহ) | আবেদনকারী স্বশরীরে অফিসে উপস্থিত হয়ে দায়িত্ব পালনে নিয়োজিত ছিলেন মর্মে শাখা/মাঠ কার্যালয় /বিভাগীয় প্রধানের (প্রকা) প্রত্যয়ন পত্র। |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

<u>ক্ষতিগ্রস্থের পক্ষে আবেদনকারীর নাম ও সম্পর্ক এবং ঠিকানা ও</u>
<u>এন.আই.ডি উল্লেখসহ স্বাক্ষর ও তারিখ</u>